



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
ধানমন্ডি, ঢাকা- ১২০৫
www.naem.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০৪.২৬৬৩.৪০২.৪৬.০১৯.১৯ পাট/২০১৮

তারিখ: ০২/০৫/২৪২৭
২৪/০২/২০২০ খ্রি.

বিষয়: মুজিববর্ষ ১০০ উপলক্ষে প্রকাশিতব্য স্মরণিকার জন্য লেখা আহ্বান

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষের শ্রদ্ধাঞ্জলি হিসেবে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) অন্যান্য কার্যক্রমের সাথে একটি স্মরণিকা প্রকাশ করতে যাচ্ছে। এ উপলক্ষে দেশ এবং আন্তর্জাতিক পরিমন্ডলের আগ্রহী লেখকের কাছ থেকে নির্দেশক্রমে লেখা আহ্বান করা হচ্ছে।

মুজিববর্ষ উপলক্ষে প্রকাশিতব্য স্মরণিকা বিষয়ে জ্ঞাতব্য

ক। এটি একটি গদ্য-সংকলন। বঙ্গবন্ধু সংক্রান্ত অনুস্মৃতি, সাক্ষাৎকার, বিশ্লেষণ ও মূল্যায়নধর্মী গদ্যের জন্য সবার কাছে উন্মুক্ত আহ্বান জানানো হচ্ছে।

খ। রচনার শব্দসীমা হবে পনেরশ থেকে পাঁচ হাজারের মধ্যে (১৫০০-৫০০০)।

গ। সূত্রস্বীকৃত/ SutonnyMJ ১৪ ফন্টে লেখা কম্পোজ করে ওয়ার্ড ও পিডিএফ ফাইল পাঠাতে হবে muzib100naem@gmail.com এই ঠিকানায়।

ঘ। ভুল তথ্যসম্বলিত রচনা কিংবা জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে দেশের ভাবমূর্তি ক্ষুণ্ণ করে এমন লেখা গ্রহণযোগ্য হবে না।

ঙ। লেখা জমা দেয়ার শেষ তারিখ ১৫ ডিসেম্বর ২০২০।

চ। রিভিউ কমিটির মাধ্যমে লেখা নির্বাচন করা হবে।

ছ। নির্বাচিত লেখককে যথাযথ মাধ্যমে লেখা-প্রকাশ বিষয়ে প্রকাশনার আগেই অবগত করা হবে।

জ। প্রকাশনা ও সম্পাদনা বিষয়ক যাবতীয় সিদ্ধান্ত সম্পাদকমন্ডলীর।

ঝ। লেখার সঙ্গে লেখককে নিম্নোক্ত তথ্য প্রেরণ করতে হবে:

- I. পেশা ও পদবি
- II. ফোন নম্বর
- III. ই-মেইল
- IV. যোগাযোগের ঠিকানা
- V. সংক্ষিপ্ত পরিচয়

সদস্য সচিব ২২/০২/২০
মুজিববর্ষ স্মরণিকা কমিটি

আহ্বায়ক ২২/০২/২০২০
মুজিববর্ষ স্মরণিকা কমিটি